

| | | | |
|--|---------------------|-------------|----------|
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা। | | | |
| ডায়েরী নং- ৫০৫ | তারিখঃ- ২২/১০/২৫ | গ্রহণকারীঃ- | |
| অঃ সঃ | সঃ প্রঃ | ইঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ |
| | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd
সংস্থাপন শাখা-৩

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.২২০.০৭.৯০১৩.২০২৫-৫৫২

তারিখঃ- ০৫-১০- ১৪৩২ বঙ্গাব্দ
২১-১০- ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিশেষ শ্রেণি ঠিকাদারি প্রতিষ্ঠান মনিকো লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক পরিবর্তন, ঠিকানা পরিবর্তন ও ২০২৫-২০২৬ সনের নবায়ন ফি বিধি মোতাবেক জরিমানাসহ জমা প্রদানের অনুমতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরের বিশেষ শ্রেণি ঠিকাদারি প্রতিষ্ঠান “মনিকো লিমিটেড” (তালিকাভুক্তি ক্রমিক নম্বর- ৯১/১৯৯-২০০০), ব্যবঃ পরিচালক-শফিকুল ইসলাম, ঠিকানাঃ বাড়ি নং-৭১/১, রোড নং-৭/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা। উক্ত প্রতিষ্ঠানের বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী আবেদনের প্রেক্ষিতে জনাব মোঃ মাহমুদুল হক কে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে পরিবর্তন, ঠিকানা পরিবর্তন ও ২০২৫-২০২৬ সনের নবায়ন ফি বিধি মোতাবেক জরিমানাসহ জমা দেয়ার অনুমতি প্রদান করা হলো।

- (ক) এখন হতে উক্ত প্রতিষ্ঠানের ব্যবঃ পরিচালক-মোঃ মাহমুদুল হক, গণপূর্ত অধিদপ্তরের সাথে যাবতীয় কাজ সম্পাদন ও স্বাক্ষর করতে পারবেন।
- (খ) ব্যবঃ পরিচালক-মোঃ মাহমুদুল হক এর ছবি, নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম), গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সত্যায়িত পার্শ্বে গ্রথিত হলো।
- (গ) ব্যবঃ পরিচালক-মোঃ মাহমুদুল হক যথারীতি গণপূর্ত অধিদপ্তরের সঙ্গে পূর্বের নামে সকল কাজের দায়-দায়িত্ব বহন করতে বাধ্য থাকবেন।
- (ঘ) নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত, ঢাকা এর দপ্তরে অত্র আদেশ দেখিয়ে রেজিস্ট্রেশন বইয়ে বর্তমান মালিক এর ছবি গ্রথিত ও নমুনা স্বাক্ষর লিপিবদ্ধ করবেন।
- (ঙ) আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র ভুয়া প্রমাণিত হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে এবং তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- (চ) তালিকাভুক্তির বিধিমালা ও প্রকিউরমেন্ট রুলস মেনে চলতে হবে।
- সংযুক্তিঃ ১। পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি-১ (এক) কপি।
২। নমুনা স্বাক্ষর-১ (এক) কপি।



Galsiana
22/10/25
(হাসনাত সার্বিনা)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সংস্থাপন)(অঃদাঃ)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮০৯৯৯

ই-মেইল: se_est@pwd.gov.bd

জনাব মোঃ মাহমুদুল হক
ব্যবস্থাপনা পরিচালক
মনিকো লিমিটেড
বাড়ি নং-২৬-২৭, আদর্শ ছায়ানীড়, রিং রোড, আদাবর, ঢাকা।

স্মারক নম্বর- ২৫.৩৬.০০০০.২২০.০৭.৯০১৩.২০২৫ ৫৫২/২৫

তারিখঃ ০৫-১০- ১৪৩২ বঙ্গাব্দ
২১-১০- ২০২৫ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, ঢাকা। ঠিকাদারি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকের সত্যায়িত ০২(দুই) কপি ছবি ও ০১(এক) সেট নমুনা স্বাক্ষর এতদসঙ্গে প্রেরণ করা হলো। ২০২৫-২০২৬ সনের নবায়ন ফি বিধি মোতাবেক জরিমানাসহ পরিশোধ সাপেক্ষে একটি ডুপ্লিকেট রেজিস্ট্রেশন বই ইস্যু করতঃ পরিবর্তিত ঠিকানা ও তালিকাভুক্তির রেজিস্ট্রেশন নম্বর এবং সন লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।
- ২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা (গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

সাকিলা ইসলাম
(সাকিলা ইসলাম)

নির্বাহী প্রকৌশলী(ওএন্ডএম)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮৪৫৫৪

ই-মেইল: ee_om@pwd.gov.bd

